

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর ভাষা জাদুঘরের তথ্যাবলী

পৃথিবীর মাতৃভাষা সমূহ রক্ষা, নথিভুক্ত করা ও ভাষাগত উন্নয়ন সাধনের জন্য ২০০১ সালের ১৫ই মার্চ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। এরই একটি কর্মোদ্যোগ হচ্ছে ভাষা জাদুঘর। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভাষা-জাদুঘর রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ৯.৩০টা থেকে বিকাল ৪.৩০ টা পর্যন্ত সকল শ্রেণির দর্শনার্থীর জন্য উন্মুক্ত। বিনা ফি-তেই যে কোন দর্শনার্থী এ স্থানটি পরিদর্শন করতে পারেন।

- এই ভাষা জাদুঘরে জাতিসংঘের স্বীকৃত ১৯৩টি দেশের মাতৃভাষা সমূহের তথ্যভিত্তিক উপস্থাপন করা হয়েছে। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর ভাষা জাদুঘরে প্রতিটি দেশের ভাষাসমূহের ভাষা সংখ্যা, নির্দিষ্ট পাঠের লিপি উপস্থাপন এবং এর ইংরেজি ও বাংলা অনুবাদ সংযুক্ত করা হয়েছে (বোর্ডে প্রদর্শিত);
- বাংলা ইশারা ভাষায় মৌলিক বর্ণমালা ও সংখ্যা;
- বাংলা লিপির উৎপত্তি ও বিবর্তন (স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ);
- বাংলা সংখ্যা লিপির উৎপত্তি ও বিবর্তন;
- স্বরচিহ্নের বিবর্তন;
- বিভিন্নকালের বাংলা ভাষার নমুনা;
- বাংলা ভাষার আদি উৎস;
- বাংলাদেশের শিক্ষা মন্ত্রণালয়ের নিকট কানাডায় অবস্থিত বহুজাতিক ভাষা প্রেমিকগোষ্ঠীর পক্ষ থেকে প্রেরিত রফিকুল ইসলামের চিঠি;
- State Of New York Legislative Resolution;
- ১৯৫২ সালের ঐতিহাসিক ভাষা আন্দোলনে মাতৃভাষার জন্য অত্যাৎসর্গকারী পাঁচজন বীর ভাষা শহীদের আলোকচিত্র;
- ছাত্রদের তৈরি প্রথম স্মৃতি স্তম্ভ এবং বর্তমান শহীদ মিনার;
- ষাট টাকার স্মারক নোট;
- দশটি কি-অবল বক্স যেখানে বিভিন্ন দেশের ভাষার তথ্য জানা যাবে;